গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জনপ্রশাসন মন্ত্রণালয়

## সচিবালয় অধিশাখা

জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর সংযুক্ত দপ্তর সংস্থায় কর্মরত কর্মচারীদের মেধাবী সন্তানদের সম্বর্ধনা প্রদান সংক্রান্ত নীতিমালা

-২০২০-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় অধিশাখা
www.mopa.gov.bd

---- পৌষ, ১৪২৬।
নং-০৫.০০.০০০০.১২২.০০.০০৬.১৯- তারিখঃ ---- জানুয়ারি, ২০২০।

**জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংযুক্ত দপ্তর সংস্থায় কর্মরত কর্মচারীদের মেধাবী সন্তানদের সম্বর্ধনা প্রদান কর্মসূচি বিষয়ক নীতিমালা**

প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত সরকারি কর্মচারীদের পরিবারের সদস্যদের উৎসাহমূলক কর্মজীবন পরিকল্পনার (Career Planning) অংশ হিসেবে বিভিন্ন ক্ষেত্রে প্রণোদনা প্রদান সরকার গুরুত্বের সাথে বিবেচনা করছে। সেপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংযুক্ত দপ্তর সংস্থায় কর্মরত কর্মচারীদের মেধাবী সন্তানদের বিভিন্ন পাবলিক পরীক্ষার (প্রাথমিক সমাপনী বা পি.এস.সি, জে.এস.সি, এস.এস.সি, এইচ.এস.সি সমমান) ফলাফলের ভিত্তিতে সংম্বর্ধনা প্রদানের লক্ষ্যে একটি সমন্বিত নীতিমালার প্রয়োজন রয়েছে। এ বিবেচনায় এতদসংক্রান্ত নীতিমালা জারি করা হলো।

০২। নীতিমালার উদ্দেশ্যঃ

(ক) কর্মচারীদের সন্তানদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি;
(খ) কর্মচারীদের আবেদন বিবেচনার মাধ্যমে তাঁদের সন্তানদের উচ্চশিক্ষা/ভাল ফলাফলে উৎসাহিতকরণ;
(গ) কর্মচারীদের সন্তানদের অধিকতর জ্ঞান অর্জনের মনোভাবের বিকাশ সাধন।

০৩। নীতিমালার প্রয়োগ ও আওতাঃ

জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, বিয়াম ফাউন্ডেশন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়, বিসিএস (প্রশাসন) একাডেমী, সরকারি যানবাহন অধিদপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সরকারি কর্মচারী হাসপাতালে কর্মরত সকল কর্মচারী ও তার পরিবারের সদস্যদের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে।

০৪। সংজ্ঞাঃ

(ক) **"কর্মচারী"** অর্থ- জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, বিয়াম ফাউন্ডেশন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়, বিসিএস (প্রশাসন) একাডেমী, সরকারি যানবাহন অধিদপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সরকারি কর্মচারী হাসপাতালে কর্মরত সকল কর্মচারী ও তার পরিবারের সদস্য;

(খ) **"সংযুক্ত দপ্তর"** বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, বিয়াম ফাউন্ডেশন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়, বিসিএস (প্রশাসন) একাডেমী, সরকারি যানবাহন অধিদপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, সরকারি কর্মচারী হাসপাতাল;

(গ) **"সন্তান"** সংশ্লিষ্ট সরকারি কর্মচারীর সন্তান/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত সন্তান;

(ঘ) **"নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ" অর্থ :** সংশ্লিষ্ট সরকারি কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অথবা তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ; এবং

(ঙ) **"বাছাই কমিটি"** অর্থ : বিষয়ে বর্ণিত কার্য সম্পাদনের নিমিত্ত প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাইয়ের জন্য এ নীতিমালার ০৬-নং অনুচ্ছেদে অনুযায়ী গঠিত কমিটি;

অ:পৃ:দ্র:

(চ) **"সম্বর্ধনা"** অর্থ:কর্মচারীর সন্তান/পোষ্যদের বর্ণিত পরীক্ষাসমূহে সাফল্যজনক ফলাফলের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রেষণামুলক অনুষ্ঠানের মাধ্যমে প্রদত্ত পুরস্কার;

(ছ) **"আবেদনপত্র"** অর্থ এ নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে তথ্য সম্বলিত আবেদন।

০৫। **অর্থের উৎসঃ** এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রতি অর্থ বছর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুকূলে অর্থ বিভাগ কর্তৃক এ বাবদ সংশ্লিষ্ট কোডে বরাদ্দকৃত অর্থ অথবা অর্থবিভাগের মতামত অনুযায়ী প্রয়োজনীয় প্রাপ্ত অর্থ।

০৬। **সম্বর্ধনার প্রাপ্তির জন্য আবেদনের পদ্ধতি/নিয়ম** :

(ক) এ নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষ ও পদ্ধতির মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;

(খ) একজন আবেদনকারি অনধিক ০২(দুই) সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন;

(গ) নির্ধারিত আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পুরণ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঘ) আবেদনকারী কর্মচারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে (অনুচ্ছেদ ৪/খ বর্ণিত) কর্মরত/চাকুরি করেন মর্মে প্রত্যয়ন/দাপ্তরিক পরিচয় পত্রের ছায়ালিপি দাখিল করতে হবে;

(ঙ) সম্বর্ধনা প্রদানের জন্য চাহিত বছরের পূর্ববর্তী বছরে পাবলিক পরীক্ষা সমূহে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণই কেবল আবেদনের জন্য বিবেচিত হবেন এক্ষেত্রে মূল নম্বরপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যয়িত করে দাখিল করতে হবে।

০৭। **আবেদনের যোগ্যতা :** প্রাথমিক সমাপনী (পিএসসি) ও সমমান, জেএসসি ও সমমান, এস.এস.সি ও সমমান, এইচ.এস.সি ও সমমান পরীক্ষায় ৮০% (এ+ গ্রেড) প্রাপ্ত ছাত্র/ছাত্রী আবেদনের যোগ্য।

০৮। **বাছাই কমিটি** : এ নীতিমালার বিষয়ে প্রাপ্ত আবেদন যাচাই/বাছাই জন্য নিম্নে-বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি কার্যক্রম গ্রহণ করবে;

(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয় ----------------- সভাপতি;
(খ) যুগ্মসচিব/উপসচিব (সওক), জনপ্রশাসন মন্ত্রণালয় ---------------- সদস্য
(গ) যুগ্মসচিব (বিধি-১), জনপ্রশাসন মন্ত্রণালয় ---------------- সদস্য
(ঘ) যুগ্মসচিব (উনি), জনপ্রশাসন মন্ত্রণালয় ---------------- সদস্য
(ঙ) যুগ্মসচিব (সিপি-১), জনপ্রশাসন মন্ত্রণালয় ---------------- সদস্য
(চ) যুগ্মসচিব (উনি), জনপ্রশাসন মন্ত্রণালয় ---------------- সদস্য
(ছ) অনুচ্ছেদ ৪(খ) এ বর্ণিত দপ্তর সংস্থাসমূহের পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি
(জ) উপসচিব (সচিবালয়), জনপ্রশাসন মন্ত্রণালয় --------------------------- সদস্য সচিব।

০৯। **বাছাই কমিটির কার্যপিরিধিঃ**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অনুচ্ছেদ ৪(খ) এ বর্ণিত কর্মচারীদের কর্মরত এবং নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কর্মচারীর (জাতীয় বেতনস্কল ২০15 এর ১০ম হতে ২০ তম গ্রেডে বেতনভুক্ত কর্মচারীগণ) পরিবারের সন্তান/পোষ্যদের বিভিন্ন পাবলিক পরিক্ষার (প্রাথমিক সমাপনী বা পি.এস.সি, জে.এস.সি, এস.এস.সি, এইচ.এস.সি সমমান) ফলাফলের ভিত্তিতে সংস্বর্ধনা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদন যাচাই/বাছাইক্রমে চূড়ান্ত তালিকা প্রণয়ন;

(খ) সংশ্লিষ্ট অর্থবছরে প্রাপ্ত/বরাদ্দকৃত অর্থের বাজেট অনুযায়ী বাছাই কমিটি কর্তৃক যাচাই/বাছাই অন্তে প্রণয়নকৃত তালিকা হতে প্রতিটি ক্যাটাগরীতে সর্বোচ্চ ২০ (বিশ) জন ছাত্র/ছাত্রীকে সম্বর্ধনা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্তকরণ।

অ:পৃ:দ্র:

(ক) এ নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষ ও পদ্ধতির মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;

১০। **নীতিমালার প্রাধান্য :**

প্রস্তাবিত সম্বর্ধনা প্রদানের বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত কোন আদেশ, পরিপত্র/নীতিমালার কোন অংশ এই নীতিমালার সঙ্গে সাংঘর্ষিক হলে এই নীতিমালা প্রাধান্য পাবে এবং এই নীতিমালা প্রয়োগে কোন জটিলতা দেখা দিলে অথবা অস্পষ্টতা থাকলে সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( শেখ ইউসুফ হারুন)
সচিব